২০২৩

# বাংলা - সাম্মানিক

## প্রথম সেমেস্টার

## পত্র : CC-2

## (বর্ণনামূলক ভাষাবিজ্ঞান ও বাংলা ভাষা)

পূর্ণমান - ৬৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) ধ্বনি ও বাগ্‌ধ্বনির পার্থক্য লেখো। ব্যঞ্জনধ্বনির উচ্চারণস্থানগুলির নাম লেখো। ৫+৫

*অথবা,*

(খ) জিহ্বার অবস্থান অনুযায়ী বাংলা স্বরধ্বনির শ্রেণিবিভাগ করো। ১০

২। (ক) উদাহরণসহ সমীভবন ও ক্ষতিপূরক দীর্ঘীভবন সম্পর্কে আলোচনা করো। ৫+৫

*অথবা,*

(খ) ভাষা ও উপভাষার প্রভেদ কোথায়? বঙ্গালী উপভাষার ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। ২+৮

৩। (ক) প্রত্যয় কাকে বলে? প্রত্যয় কয়প্রকার? উদাহরণসহ বিভিন্নপ্রকার প্রত্যয়ের পরিচয় দাও। ২+২+৬

*অথবা,*

(খ) টীকা লেখো — ক্রিয়াবিভক্তি, সমাস ও নতুন শব্দ গঠন। ৫+৫

৪। (ক) স্বনিম ও বিস্বন কাকে বলে উদাহরণসহ বুঝিয়ে দাও। ৫

*অথবা,*

(খ) পাঁচটি ভিন্ন বিদেশি ভাষা থেকে বাংলা ভাষায় আগত পাঁচটি বিদেশি শব্দের উল্লেখ করো। ৫

৫। (ক) অর্থের বিস্তার বলতে কী বোঝায়, উদাহরণসহ লেখো। ৫

*অথবা,*

(খ) টীকা লেখো — স্বরাগম। ৫

৬। (ক) বাংলা ব্যাকরণে বচনের গুরুত্ব কোথায়? ৫

*অথবা,*

(খ) উদাহরণসহ অপাদান কারকের পরিচয় দাও। ৫

৭। ***যে-কোনো একটি*** প্রশ্নের উত্তর দাও। ৫×১

(ক) দন্ত্য ও দন্ত্যমূলীয় ধ্বনি সম্পর্কে আলোচনা করো।

(খ) কামরূপী উপভাষার রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

(গ) টীকা লেখো — পদান্বয়ী অব্যয়।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) উচ্চ-মধ্য স্বরধ্বনি দুটি কী কী?

(খ) তাড়িত ব্যঞ্জনের উদাহরণ দাও।

(গ) ঘোষীভবনের উদাহরণ দাও।

(ঘ) স্পুনারিজম্ কী?

(ঙ) একটি সংকর শব্দের দৃষ্টান্ত দাও।

(চ) শৃঙ্খল > শেকল — কী জাতীয় পরিবর্তন?

(ছ) শব্দের আদিতে ও-কার লোপ পেয়ে অ-এ পরিণত হয় কোন উপভাষায়?

(জ) শব্দের অর্থসংকোচের একটি উদাহরণ দাও।

(ঝ) সমাস নির্ণয় করো — সিংহাসন।

(ঞ) <u>ছুরিতে</u> হাত কাটল — নিম্নরেখাঙ্কিত পদের কারক ও বিভক্তি উল্লেখ করো।

(ট) 'দেশলাই' শব্দের মূল উৎস লেখো।

(ঠ) সমধাতুজ কর্মের একটি উদাহরণ দাও।

(ড) গামলা — বাংলা শব্দভাণ্ডারে শব্দটি কোথা থেকে এসেছে?

(ঢ) রাঢ়ী উপভাষা মূলত কোন অঞ্চলে বিস্তৃত?

(ণ) বাংলা ব্যাকরণে পুরুষ কয় প্রকার?